# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮২৩]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ নামাযের বেজোড় রাকআতে সিজদা থেকে উঠার পর সামান্য সময় বসে তারপর উঠে দাঁড়ানো

باب مَنِ اسْتَوَى قَاعِدًا فِي وِتْرٍ مِنْ صَلاَتِهِ ثُمَّ نَهَضَ

আরবী

ـ عن مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ اللَّيْثِيِّ : أَنَّهُ رَأَى النَّبِيَّ يُصَلِّي، فَإِذَا كَانَ فِي وِتْرٍ مِنْ صَلاَتِهِ، لَمْ يَنْهَضْ حَتَّى يَسْتَوِيَ قَاعِدًا. (بخارى:

বাংলা

৪৬০) মালেক বিন হুয়াইরিছ লাইছী (রাঃ) হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নামায আদায় করতে দেখেছেন। তিনি যখন নামাযের বেজোড় রাকআতে থাকতেন তখন সোজা হয়ে না বসে উঠে দাঁড়াতেন না।

টিকাঃ এ হাদীছে জালসায়ে ইস্তেরাহার বর্ণনা এসেছে। নামাযে জালসায়ে ইস্তেরাহা করা সুন্নাত। নামাযের প্রথম এবং তৃতীয় রাকআতের দ্বিতীয় সিজদা হতে মাথা উঠানোর পর এবং পরবর্তী রাকআতের জন্য দাঁড়ানোর পূর্বে সামান্য বসাকে জালসায়ে ইস্তেরাহা বলা হয়।

## English

Sitting Straight in a Witr payer (i.e., an odd Rak'a) and then getting up.

Narrated Malik bin Huwairith Al-Laithi:

I saw the Prophet (ﷺ) praying and in the odd rak`at, he used to sit for a moment before getting up.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী | বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89758

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন